



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-পনি/মাধ্য/৬৩/৭৯ (২৪১)

তারিখ : ০৫/১১/২০১৪

বিষয় : জেএসসি-২০১৪ পরীক্ষার লিখিত উত্তরপত্র ও OMR পরীক্ষা শেষে হাতে হাতে বোর্ডে পৌঁছানো প্রসঙ্গে।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন জেএসসি-২০১৪ পরীক্ষার সকল কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, জেএসসি-২০১৪ পরীক্ষা পরিচালনা নীতিমালা-২০১৪ এর ১৭ ধারা অনুযায়ী জেএসসি-২০১৪ পরীক্ষার লিখিত উত্তরপত্র ও OMR পরীক্ষা শেষে ঐ দিনই হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। কোন ক্রমেই ডাকযোগে বা পার্সেলযোগে পাঠানো যাবে না।

অনিবার্য কারণে দূরবর্তী কেন্দ্রসমূহ হতে ঐ দিনই জমা দেয়া সম্ভব না হলে উত্তর পত্র ও OMR শিট কাপড় ছাড়াই করগেটেড শিটে বাউন্ড বেধে বস্তায়/ট্রিংকে গালাসিল করে জেলা/উপজেলার ট্রেজারী/থানায় নিয়মানুযায়ী সংরক্ষণ করতে হবে এবং নিম্নোক্ত ছকে উল্লিখিত তারিখসমূহের পরীক্ষার উত্তরপত্র ও OMR সমূহ বোর্ডে হাতে হাতে জমা দিতে হবে।

ট্রেজারী/থানায় উত্তরপত্র জমা ও গ্রহণ সংক্রান্ত সময় ও তারিখ সম্বলিত প্রত্যয়নপত্র/জিডি সংগ্রহ করে ১কপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং ১কপি বোর্ডে জমা দিতে হবে।

ক্রমিক নং	পরীক্ষা অনুষ্ঠানের তারিখ	বোর্ডে উত্তরপত্র ও OMR প্রেরণের তারিখ	মন্তব্য
১	২	৩	৪
১	০৭/১১/২০১৪ ০৯/১১/২০১৪ ১০/১১/২০১৪ ১১/১১/২০১৪	১২/১১/২০১৪	
২	১২/১১/২০১৪ ১৩/১১/২০১৪ ১৪/১১/২০১৪ ১৬/১১/২০১৪	১৭/১১/২০১৪	
৩	১৭/১১/২০১৪ ১৮/১১/২০১৪ ১৯/১১/২০১৪ ২০/১১/২০১৪	২১/১১/২০১৪	


প্রফেসর মুহম্মদ আবু দাউদ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

মোবা: ০১৭৩৩-২২২০০৩/০১৯১১-২১৩৫২৫

ই-মেইল: Controller@jessoreboard.gov.bd

প্রাপক :

কেন্দ্র সচিব

অত্র বোর্ডের আওতাধীন সকল জেএসসি-২০১৪ পরীক্ষা কেন্দ্র।

স্মারক নং- পনি/মাধ্য/ ৬৩ /৭৯ (২৪১)

তারিখ : ০৫/১১/২০১৪

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল :

জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা।

উত্তরপত্র সংরক্ষণ ও প্রেরণে নিরাপত্তা নিশ্চিত করণের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।